

ফরম পুরণের বিজ্ঞপ্তি  
এম.এস-সি ইন সিএসই ১ম সেমিস্টার-২০২১  
শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

এতদ্বারা আই.এস.টির এম.এস-সি ইন সিএসই ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ১১ সেপ্টেম্বর ২০২৩ ইং তারিখ হতে ২০ সেপ্টেম্বর ২০২৩ ইং তারিখের মধ্যে এম.এস-সি ইন সিএসই ১ম সেমিস্টার ২০২১ পরীক্ষার অনলাইনে ফরম উত্তোলন ও আই.এস.টিতে জমাদানের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে অনলাইনে পূরনকৃত ফরম হিসাব শাখায় জমাদানের পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পুরণ করতে পারবেনা। এখানে উল্লেখ্য যে, ফরম উত্তোলনের পূর্বে হিসাব শাখা হতে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

ফরম পুরনের নির্দেশনাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পুরন এবং কলেজে জমাদানের শেষ তারিখ: ১১/০৯/২০২৩ থেকে ২০/০৯/২০২২ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nubd.info/cse](http://www.nubd.info/cse)) form fill-up এ গিয়ে **Apply to online form fill-up (for Student)** লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরনকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরনকৃত ফরমটিতে উপরের অংশে ক্লাশ রোল লিখে ১ কপি পাসপোর্ট সাইজে ছবি নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে হিসাব শাখা জমা দিতে হবে। ফরম পুরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে পরিচালক (প্রশাসন)/কোর্স কো-অর্ডিনেটর এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহণযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: পরীক্ষার ফি ৫০০০+ থিসিস/প্রজেক্ট মূল্যায়ন ফি ১৫০০/- টাকা+ কেন্দ্র ফি ৫০০/- টাকা সহ সর্বমোট: ৭০০০/- টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: প্রতি পত্র ১০০০/- টাকা, বিশেষ অন্তর্ভুক্তি ফি: ৫০০/- এবং কেন্দ্র ফি: ৫০০/- টাকা। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে ফরম পুরনের সুযোগ পাবে।

স্বাক্ষরিত//

(দ্বিতী ইয়াসমিন)

কোর্স কো-অর্ডিনেটর,

এম.এস-সি ইন সিএসই ১ম সেমিস্টার

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। অধ্যক্ষ, আই.এস.টি।
- ২। পরিচালক (প্রশাসন), আই.এস.টি।
- ৩। বিভাগীয় প্রধান ও কোর্স কো-অর্ডিনেটর, সিএসই বিভাগ
- ৪। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি
- ৫। হিসাব শাখা, আই.এস.টি।
- ৬। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৭। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ৮। অফিস সেক্রেটারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।